ঝিনাইদহে ছাত্রলীগের তিন নেতাকে হত্যার প্রতিবাদে মানববন্ধন

ঝিনাইদহে ছাত্রলীগের তিন নেতাকে কুপিয়ে হত্যার সঙ্গে জড়িত ও মদদ দাতাদের দ্রুত গ্রেফতারের দাবীতে এবার মানববন্ধন করেছে সরকারী ভেটেরিনারী কলেজে শিক্ষার্থী ও নিহতদের স্বজনরা।

বৃহস্পতিবার দুপুরে ঝিনাইদহ পোস্ট অফিস মোড়ে এই মানববন্ধন কর্মসুচি পালিত হয়।

মানববন্ধন শেষে এক প্রতিবাদ সমাবেশে বক্তব্য রাখেন নিহত ভিপি সাইদুজ্জামান মুরাদের পিতা বদিউজ্জামান বাদশা, মা শেফালী বেগম, স্ত্রী সুমি খাতুন, মুরাদের ভাই মুক্তার বিশাস, সরকারী ভেটেরিনারী কলেজ ছাত্র সংসদের জিএস সজিবুল হাসান, সাধারণ শিক্ষার্থী রফিকুল ইসলাম, রবিউল আওয়াল ও নুর ইসলাম প্রমুখ।

ঝিনাইদহে ব্যতিক্রমী ‘কৃষ্ণচূড়া এভিনিউ’ উদ্বোধন

‘শিল্পের শহর ঝিনাইদহ’ প্রতিপাদ্যে শহরের পুরাতন ধোপাঘাটা ব্রীজ- টার্মিনাল সংযোগ সড়কে কৃষ্ণচূড়া এভিনিউ এর উদ্বোধন করা হয়েছে।

মঙ্গলবার (১১ অক্টোবর) সকালে ১০০টি কৃষ্ণচূড়া গাছের চারা রোপণ ও সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশনা করা হয়। ঝিনাইদহ জেলা প্রশাসনের বাস্তবায়নে জেলা শিল্পকলা একাডেমি ও ঝিনাইদহ থিয়েটারের সহযোগিতায় কৃষ্ণচূড়া এভিনিউ এর শুভ উদ্বোধন করা হয়।

এ সময় উপস্থিত ছিলেন জেলা কালচার অফিসার মো. জসিম উদ্দিন, শিল্পকলা একাডেমির নির্বাহী সদস্য অশোক ধর, ফজর আলী গার্লস

স্কুল এন্ড কলেজের অধ্যক্ষ জয়া রাণি চন্দ, ঝিনেদা থিয়েটারের সাধারণ সম্পাদক শামিম আহামেদ টফি, ভোর হলোর সাধারণ সম্পাদক নুর-এ-গুলশানসহ বিভিন্ন সাংস্কৃতিক ব্যক্তিবর্গ এবং প্রিন্ট - ইলেকট্রনিক মিডিয়ার সাংবাদিকবৃন্দ।

জেলা প্রশাসক মনিরা বেগম তার বক্তব্যে কর্মসূচি বাস্তবায়নকারীদের ধন্যবাদ জানিয়ে আশা প্রকাশ করেন কৃষ্ণচূড়া এভিনিউ ঝিনাইদহ শহরকে ভবিষ্যতে সৌন্দর্যমন্ডিত করবে এবং এটি ইতিহাসের অংশ হবে। উপস্থিত অতিথিবৃন্দ শুভেচ্ছা বক্তব্যে ব্যতিক্রমী এ উদ্যোগকে সাধুবাদ জানান ও উচ্ছ্বাস প্রকাশ করেন।

এ বৃক্ষরোপণ কর্মসুচীটি ঝিনেদা থিয়েটারের সভাপতি একরামুল হক লিকু এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়।

কোটচাঁদপুরে ডিবি পুলিশের অভিযানে ফেন্সিডিল সহ দুই মাদক ব্যবসায়ী আটক

ঝিনাইদহে কোটচাঁদপুরে অভিযান চালিয়ে ফেন্সিডিল সহ দুই মাদক ব্যবসায়ী কে আটক করেছে ডিবি পুলিশ । জেলা গোয়েন্দা শাখা ডিবি পুলিশের ওসি মোঃ শাহিন উদ্দিন জানান, ঝিনাইদহ জেলা পুলিশ সুপার আশিকুর রহমান (বিপিএম পিপিএম) বারের দিকনির্দেশনায় ডিবি পুলিশের একটি চৌকস দল গোপন সংবাদের ভিত্তিতে অভিযান পরিচালনা করে।

আজ মঙ্গলবার সকালে কোটচাঁদপুর থানাধীন কাগমারি নামক স্থান থেকে মাদক ব্যবসায়ী (১) চায়না বেগম, স্বামী-আব্দুস সালাম, সাং-দক্ষিণ আড়পাড়া(২) আজহার উদ্দিন,পিতা-হাফিজুর রহমান,সাং-চাপালি,থানা- কালিগঞ্জ,জেলা-ঝিনাইদহকে (৫৯) বোতল ফেন্সিডিল সহ আটক করা হয়েছে বলে জানান।

এ বিষয় কোটচাঁদপুর মডেল থানার ডিউটি অফিসার উপ-পরিদর্শক আইয়ুব হোসেন জানান, চায়না ও আজহার নামে দুই মাদক ব্যবসায়ী নামে মডেল

থানায় মাদক দ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা রুজু করা হয়েছে।যার মামলা নম্বর (৪)।

ঝিনাইদহে চাঞ্চল্যকর হাফিজ হত্যার রহস্য উদঘাটন, গ্রেফতার ৪

ঝিনাইদহের হরিণাকুণ্ডুতে নিখোঁজ হওয়ার চারদিন পর গত রবিবার (৯অক্টোবর) দুপুরে মোবাইল ফোনের সুত্র ধরে হাফিজুর রহমান (৪০) নামের এক যুবকের পলিথিনে মোড়ান গলা কাটা অর্ধগলিত লাশ উদ্ধারের ২দিনের মধ্যেই হত্যার রহস্য উদ্ঘাটন করেছে পুলিশ।

মঙ্গলবার (১১অক্টোবর) দুপুরে সিনিয়র সহকারী পুলিশ সুপার (শৈলকুপা সার্কেল) অমিত বর্মণের নেতৃত্বে এক প্রেস ব্রিফিং এ হাফিজুর রহমানের হত্যা রহস্য এবং হত্যাকান্ডে ব্যবহৃত দেশীয় যন্ত্রপাতি জব্দ করার তথ্য তুলে ধরেন। এসময় হরিণাকুণ্ডু থানার অফিসার ইনচার্জ (ওসি) সাইফুল ইসলামসহ অন্যান্য পুলিশ সদস্যরা উপস্থিত ছিলেন।

প্রেসব্রিফিং এ অমিত বর্মণ জানান,গত৫অক্টোবর (বুধবার) থেকে হরিণাকুণ্ডু থানার রিশখালী গ্রামেরসোহরাব হোসেনের ছেলে মোঃ হাফিজুর রহমান নিখোঁজের পর তার ছোট ভাই জাফিরুল ইসলাম ৭ অক্টোবর (শুক্রবার) থানায় একটি সাধারণ ডায়েরি করলে পুলিশ তদন্ত শুরু করে। একই দিন সন্ধ্যায় ওই গ্রামের আলমগীর নামে এক ব্যক্তিকে প্রাথমিক জিজ্ঞাসাবাদের জন্য আটক করে থানায় আনে পুলিশ।

জিজ্ঞাসাবাদ চলাকালীন শনিবার (৯অক্টোবর) একটি মোবাইল ফোন পাওয়ার পর তারই সুত্র ধরে কেষ্টপুর চরের মাঠের খালের ধার থেকে হাফিজুর রহমানের গলাকাটা পলিথিনে পেঁচানো অর্ধগলিত লাশ উদ্ধার করতে সক্ষম হয়।

তিনি আরও বলেন, লাশ উদ্ধারের পর সন্ধ্যায় জাহিদ নামের সন্দেহভাজন

আরেক জনকে পুলিশ আটক করে।তাদের দেওয়া তথ্য মনে জানাযায়,পূর্ব শত্রুতার জের ধরে এই খুন সংঘটিত হয়েছে।নিখোজের দিনই আনুমানিক রাত ১১টার দিকে দেশীয় দা দিয়ে কুপিয়ে তাকে হত্যা করা হয়। আটককৃতদের দেওয়া তথ্য মতে গত সোমবার (১০অক্টোবর) হত্যায় ব্যবহৃত দা,কোদাল,জিআই তার,পলিথিন,ভিকটিমের মোবাইল ফোন উদ্ধার করা হয়।

এ ঘটনায় সোমবার (১০অক্টোবর) রাতে নিহতের ছোট ভাই জাফিরুল ইসলাম কয়েকজন অজ্ঞাতসহ ১৪ জনের নামে হরিণাকুণ্ডু থানায় একটি মামলা দায়ের করা হয়। এখন পযর্šÍ এজাহার নামীয় আসামী আলমগীর হোসেন ও জাহিদ হোসেন কে গ্রেফতার করেছে পুলিশ।

এছাড়া হত্যার মূল পরিকল্পনাকারী সেকেন্দার আলী এবং শাহীন জোয়ার্দ্দার কে সোমবার রাতে র্যাব আটক করে বলেও ঝিনাইদহ র্যাব-৬ মঙ্গলবার বিকালে এক প্রেসব্রিফিং এ জানান। বাকি আসামীদের দ্রুত গ্রেফতারের জন্য অভিযান চলছে বলেও হরিণাকুণ্ডু থানার ওসি সাইফুল ইসলাম জানান।

কোটচাঁদপুরে শেখ মোজাফফর হোসেন মাধ্যমিক বিদ্যালয়ে মতবিনিময় সভা

ঝিনাইদহের কোটচাঁদপুর উপজেলার বলুহর শেখ মোজাফফর হোসেন মাধ্যমিক বিদ্যালয়ে বাল্যবিবাহ, নারী ও শিশু নির্যাতন রোধ, মাদকের কুফল, সামাজিক সাম্প্রতি, সামাজিক যোগাযোগ মাধ্যমের অপব্যবহার প্রতিরোধে শিক্ষক ছাত্র-ছাত্রী ও অভিভাবকদের সাথে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।

আজ মঙ্গলবার সকালে মাধ্যমিক বিদ্যালয়ের ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক আব্দুল আজিজের সভাপতিত্ব। মতবিনিময় সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কোটচাঁদপুর উপজেলা নির্বাহী অফিসার খান মাসুম বিল্লাহ।বিশেষ অতিথি হিসেবে মূল্যবান বক্তব্য রাখেন মডেল থানার

অফিসার ইনচার্জ মইন উদ্দিন , উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার রতন মিয়া, বলুহর ইউনিয়ন চেয়ারম্যান নজরুল ইসলাম প্রমুখ।

প্রধান অতিথির বক্তব্যে বলেন,বাল্যবিবাহ,নারী শিশু নির্যাতন, মাদক একটি সামাজিক ব্যাধি। নারীর অগ্রযাত্রায় বাল্যবিবাহ প্রতিবন্ধকতা হিসেবে কাজ করে। বাল্যবিবাহ নামক সামাজিক ব্যাধি প্রতিরোধের লক্ষ্যে সরকার বাল্যবিবাহ নিরোধ আইন, ২০১৭ প্রণয়ন করেছে। উল্লেখপূর্বক প্রশাসনের পাশাপাশি সমাজের প্রত্যেক নাগরিককে নিজ নিজ জায়গা থেকে এগিয়ে আসার আহ্বান জানান।

এ সময় বিদ্যালয়ের সকল শিক্ষক-শিক্ষকা, শিক্ষার্থী, অবিভাবক সহ প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট সকল কর্মকর্তা কর্মচারী বৃন্দ উপস্থিত ছিলেন।

কালীগঞ্জের সেই প্রধান শিক্ষিকার বিরুদ্ধে তদন্ত কমিটি গঠন

ঝিনাইদহের কালীগঞ্জ উপজেলার বেজপাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক শিপ্রারাণী সাহা অর্থের বিনিময়ে জীবন কুমার ঘোষকেভুয়া দাতা সদস্য করার ঘটনায় তদন্ত কমিটি গঠন করা হয়েছে।

বিষয়টি নিশ্চিত করেছেন ঝিনাইদহ জেলা প্রাথমিক শিক্ষা অফিসার জাহাঙ্গীর আলম, তিনি জানান কোটচাঁদপুর উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার অসিত বরুণ পালকে প্রধান করে দুই সদস্য বিশিষ্ট কমিটি গঠন করা হয়েছে। আগামী ২০ তারিখের মধ্যে তাদেরকে প্রতিবেদন জমা দেওয়ার নির্দেশ দেওয়া হয়েছে বলেও তিনি জানান।

জেলা প্রাথমিক শিক্ষা অফিসার জাহাঙ্গীর আলম বলেন, তদন্ত কমিটিকে নিরপেক্ষ তদন্ত করতে বলা হয়েছে।কালীগঞ্জ উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার প্রধান শিক্ষক শিপ্রা রানী সাহাকে শোকজ করেছেন।

উল্লেখ্য,জমি দাননা করেও প্রধান শিক্ষিকার আশীর্বাদে দীঘর্

দিনদাতা সদস্য ছিলেন জীবন কুমার ঘোষ। শিরোনামে বিভিন্ন দৈনিকে সংবাদ প্রকাশিত হয়। এতে এলাকা জুড়ে চাঞ্চল্য সৃষ্টি হয়। নড়েচড়ে বসেন জেলা প্রাথমিক শিক্ষা বিভাগ। জমিদানকারী পরিবারের উত্তরসূরী রবিউল ইসলাম জেলা প্রাথমিক শিক্ষা অফিসারের নিকট লিখিত অভিযোগ দায়ের করেন।

এর অনুলিপি দিয়েছেন প্রাথমিক শিক্ষা দপ্তরের মহা-পরিচালক, খুলনা বিভাগীয় প্রাথমিক শিক্ষার উপ-পরিচালক, ঝিনাইদহ দূর্নীতি দমনকমিশনের উপ-পরিচালক ও কালীগঞ্জের উপজেলা নির্বাহী অফিসারসহ জেলার সকল প্রেস ক্লাব বরাবর। এ বিষয়ে উপজেলা শিক্ষা অফিসার সেলিনা আক্তার বানুর নিকট অভিযোগ দিলেও তিনি কোন প্রতিকার পাননিবরং দুর্ব্যবহার করে ক্ষমতার দাপট দেখান।

প্রধান শিক্ষক শিপ্রা রাণী সাহা একই বিদ্যালয়ে প্রায় ২৯ বছর চাকরি করার সুবাদে তিনি আধিপত্য বিস্তার করেছেন। এ কারণে তিনি সাধারণ অভিভাবকদের সাথে প্রতিনিয়ত দূর্ব্যবহার করে থাকেন। সময়মত বিদ্যালয়ে হাজির হননা এবং সময়ের আগেই স্কুল ছুটি দিয়ে চলে যান।

ঝিনাইদহ জেলা প্রশাসক দপ্তরের কর্মচারির রহস্যজনক মৃত্যু

ঝিনাইদহ জেলা প্রশাসক দপ্তরের অফিস সহায়ক হাসানুজ্জামান পলাশের রহস্যজনক মৃত্যু হয়েছে।

রোববার রাতে কালীগঞ্জ যাওয়ার পথে তার মৃত্যু হয়েছে বলে পারিবারিক ভাবে বলা হয়। হাসানুজ্জামান পলাশ শৈলকুপার ত্রীপুরাকান্দি গ্রামের শহিদুল ইসলামের ছেলে। তিনি শহরের উপ-শহরপাড়ায় বসবাস করতেন। তার পেস্টিং ছিল মহেশপুর ভুমি অফিসে। কিন্তু কি কারণে তিনি ৩/৪ মাস বেতন পান না বলে জানা গেছে।

পলাশের স্ত্রী ফারজানা ইয়াসমিন স্বপ্না জানান, রাতে মিলন নামে এক ছেলে তার স্বামীকে মোবাইল করে ডেকে নিয়ে যায়। রাত ১০টার দিকে জানানো হয় তার স্বামী কালীগঞ্জে সড়ক দুর্ঘটনায় আহত হয়েছেন।

ফারজানা ইয়াসমিন স্বপ্না জানান, দ্রুত কালীগঞ্জ পৌছে দেখেন তার স্বামীর মাথার পেছন থেকে রক্ত ঝরছে। দ্রুত যশোর হাসপাতালে নিয়ে যাওয়া হয় পরে সেখান থেকে ঢাকায় নিয়ে যাওয়ার পথে পলাশের মৃত্যু হয়।

ফারজানা ইয়াসমিন স্বপ্না অভিযোগ করেন, তার স্বামীর সঙ্গে যারা ছিল তাদের আচরণ ছিল রহস্যজনক। তারা লাশের গাড়ি পৌছে দিয়ে দ্রুত পালিয়ে যায়।

তথ্য নিয়ে জানা গেছে, হাসানুজ্জামান পলাশ শৈলকুপার ত্রীপুরাকান্দি গ্রামের শহিদুল ইসলামের সন্তান হলেও তাকে উপশহরপাড়ার বীর মুক্তিযোদ্ধা জোয়াদ আলীর সন্তান পরিচয়ে ঝিনাইদহ জেলা প্রশাসক দপ্তরে চাকরী হয়। সরকারী চাকরী হলেও তিনি ঠিকমতো অফিস করতেন না।

সোমবার দুপুরে ঝিনাইদহ শহরের উপ-শহরপাড়া পাবলিক হেলথ জামে মসজিদে জানাজা শেষে ঝিনাইদহ পৌর গোরস্থানে দাফন সম্পন্ন করা হয়।

হরিণাকুণ্ডুুতে এক যুবক খুন

ঝিনাইদহের হরিণাকুণ্ডু উপজেলার ৪ নং দৌলতপুর ইউনিয়নের সাবেক চেয়ারম্যান সাবদার রহমানের ভাতিজা হাফিজ (৪০) নামের এক যুবককে খুন করেছে দূর্বীত্তরা।

সে উপজেলার রিশখালী গ্রামের সোহরাব হোসেনের ছেলে। নিখোঁজের পাঁচদিন পর হাফিজের অর্ধগলিত লাশ উদ্ধার করেছে থানা পুলিশ। নিহত হাফিজুর রহমান উপজেলার ৪নং দৌলতপুর ইউনিয়নের রিশখালী গ্রামের সোহরব হোসেন(সোরাফ উদ্দিন) বড় ছেলে।

রবিবার দুপুর ১২ঘটিকায় কেষ্টপুর চরেরমাঠ এলাকায় একদল মাছ ধরা দলের মধ্যে মান্নান পিতা ইব্রাহিম নামের একজন পানির মধ্যে একটি মোবাইল ফোন পান। ফোন পাওয়ার পর জনমনে সন্দেহ সৃষ্টি হলে মনে পড়ে গত বুধবার ৫ই অক্টোবর স্থানীয় দশমাইল বাজার থেকে হারিয়ে যান

হাফিজ। পরে পুলিশে খবর দিলে পুলিশ ঘটনাস্থলে পৌছে স্থানীয়দের সহায়তায় হাফিজের লাশ উদ্ধার করে বলে জানিয়েছেন স্থানীয়রা।

এব্যাপারে হরিণাকুণ্ডু থানা অফিসার ইনচার্জ(ওসি) মোহাম্মদ সাইফুল ইসলাম জানান,গত ৫ই অক্টোবর হাফিজুর রহমান নামের এক ব্যাক্তি হারিয়ে গেলে তাঁর পরিবারের পক্ষ থেকে সাধারণ ডায়রি করেন।

রবিবার দুপুর ১২ ঘটিকায় স্থানীয়রা খালে মাছ ধরতে গেলে একটি মোবাইল ফোন পেয়ে সন্দেহ করে পুলিশে খরব দিলে পুলিশ ঘটনাস্থলে উপস্থিত হয়ে স্থানীয়দের সহযোগিতায় লাশ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য মর্গে পাঠানো হয়েছে।

ঝিনাইদহ শিশু একাডেমীর উদ্যোগে ঈদে-মিলাদুন্নবী (সাঃ) পালন

বাংলাদেশ শিশু একাডেমী, ঝিনাইদহের উদ্যোগে পবিত্র ঈদ-ই-মিলাদুন্নবী (সাঃ)- ২০২২ উপলক্ষে প্রতিযোগিতা, আলোচনা সভা, পুরস্কার বিতরণী ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে।

রবিবার শিশু একাডেমী কমপ্লেক্স মিলনায়তনে জেলা শিশু বিষয়ক কর্মকর্তা মোঃ আয়ূব হোসেন এর সভাপতিত্বে ও পরিচালনায় ঝিনাইদহের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের অংশগ্রহণে ক্বেরাত, হামদ/নাত ও রচনা প্রতিযোগীতার আয়োজন করা হয়। প্রতিযোগীতা শেষে পুরস্কার বিতরণী অনুষ্ঠানে উপস্থিত প্রধান অতিথি অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) মোঃ সেলিম রেজা পুরস্কার প্রাপ্তদের হাতে পুরস্কার তুলে দেন।

উক্ত প্রতিযোগীতায় বিচারক হিসেবে দায়িত্বপালন করেন জেলা তথ্য অফিসার মোঃ আবুবকর সিদ্দীক ভুটিয়ারগাতী দাখিল মাদ্রাসার সুপার মোঃ আবু বক্কর সিদ্দিক ও মাওলানা মোঃ সিরাজুল ইসলাম।

প্রতিযোগীতা, পুরস্কার বিতরণী ও দোয়া মাহফিলের মাধ্যমে প্রোগামের সমাপ্তী ঘোষণা করা হয়।

কোটচাঁদপুরের অধিকাংশ গবাদিপশু ভুগছেন লাম্পি স্কিন ডিডিজে

কোটচাঁদপুরের অধিকাংশ গবাদিপশু ভুগছেন লাম্পি স্কিন ডিডিজ(এলএসডি)তে। নিশিদ্ধ ঔষুধে দেয়া হচ্ছে চিকিৎসা। এতে করে আর্থিকভাবে ক্ষতিগ্রস্ত হচ্ছেন চাষি আর শারিরীক ভাবে পশু। যা দেখার কেউ নাই।

কোটচাঁদপুর প্রাণীসম্পদ অফিসের উপসহকারী প্রাণী সম্পদ কর্মকর্তা আতাউর রহমান বলেন,এল,এস,ডি একটি ভাইরাস জনিত চর্ম রোগ। এ রোগে শুধুমাত্র গুরু ও মহিষকে আক্রান্ত করে। যা গেল ৩ বছর পূর্বে এ দেশে দেখা দিয়েছিল। গেল ২ বছর দেখা না গেলেও এ বছর জুলাই মাস থেকে এর প্রার্দুরভাব লক্ষ্য করা যায়। এরমধ্যে সেপ্টেম্বর মাসে বেশি গরু আক্রান্ত হয়েছে।

তিনি বলেন,এ উপজেলায় ৩৯ হাজার ৭ শ ৮২ টি গরু- মহিষ আছে। এরমধ্যে আমাদের রেকর্ড অনুযায়ী ৬ শ ৫৫ টি গরু আক্রান্ত হয়েছে। মারা গেছে হাতে গোনা কয়েকটি। তবে এর বাইরে আরো পশু আক্রান্ত ও মৃত্যু হতে পারে। তবে তার কোন তথ্য আমাদের জানা নাই।

তিনি বলেন, ইতোমধ্যে আমরা বেশ কয়েকটি সচেতনতামূলক কার্যক্রম করেছি। আর এ অফিসে যারা বিভিন্ন প্রকল্পে কাজ করেন,তারাও মানুষকে এধরনের সচেতনতা করছেন বলে দাবী ওই কর্মকর্তার।

তবে এ কথা মানতে নারাজ উপজেলা তালসার গ্রামের আকিমুল ইসলাম সাজু। তিনি বলেন,এ গ্রামের অনেক পশু আক্রান্ত হয়েছে। মারাও গেছে বেশ কয়েকটি। এছাড়া এখনও বাড়িতে ভুগছে অনেক পশু। এ পশুগুলোর চিকিৎসা দিচ্ছেন স্থানীয় সার্টিফিকেট বিহীন পশু চিকিৎসকরা।

তিনি বলেন,এ রোগের প্রার্দুরভাব বৃদ্ধির পর থেকে প্রাণীসম্পদ অফিসের কাউকে দেখা যায়নি তালসারে। এছাড়া সচেতনতামূলক কোন সভাও চোখে পড়েনি।

এ রোগের চিকিৎসা নিয়ে অফিসের এলডিডিপি প্রকল্পের বকুল আহম্মেত বলেন, এ ইউনিয়নে শতকরা ৭০/৮০ টি গরুর এ রোগ ধরা পড়েছে।

এ রোগে মূলত ইরাসেফ ২ গ্রাম,পিপাভেট,কিটোফেন,ডেক্সামেট দিয়ে চিকিৎসা দেয়া হচ্ছে। এ চিকিৎসায় ভাল হতে কোন গরুর ৩ দিন,কোন ৭ দিন আবার কোন গরুর বেশিদিন সময় লাগছে। চিকিৎসা ব্যয় প্রসঙ্গ তিনি বলেন,সব মিলিয়ে দিন ৪ শ থেকে সাড়ে ৪ শ টাকা লাগছে। কিটোপ্রোফেন,এন্টিবায়োটিক আর ডেক্সামেট এ রোগে ব্যবহার নিষিদ্ধ হলেও ব্যবহার করছেন, কেন এমন তিনি বলেন,এ সব না দিলে গরুর চিকিৎসা করানো সম্ভব হচ্ছে না। তাই ব্যবহার করা।

একই কথা বলেছেন,রানা আহম্মেদ,তিনি প্রাণী সম্পদ অফিসের ইআইপি প্রকল্পে আছেন। তিনিও নিষিদ্ধ ঔষুধ ব্যবহার করে চিকিৎসা দিচ্ছেন এ রোগের গরুগুলোর।

উপজেলা প্রাণীসম্পদ কর্মকর্তা (অতি)ডাঃ রেজাউল করিম বলেন,এ রোগে আক্রান্তের সংখ্যা বেশি। তবে মৃতুহার কম আছে। এ রোগে ছোট বাছুর গরুর মৃত্যু ঝুকি বেশি রয়েছে।

তিনি বলেন,এ জেলার মধ্যে বেশি আক্রান্ত হয়েছে হরিণাকুন্ডুতে। ওই তুলনা কোটচাঁদপুরে কম আছে। আর এ রোগের তেমন কোন চিকিৎসা নাই। সাপোটিং চিকিৎসা দিয়ে পশুকে সুস্থ্য করতে হবে। আর এ রোগে কিটোপ্রোফেন ও ডাইক্লোফেন ব্যবহার করা যাবে না। স্থানীয়রা চিকিৎসকরা এ সব ঔষুধ সহ এন্টিবায়োটিক ব্যবহার করছে,এমন প্রশ্নে তিনি বলেন,আমি কয়েকদিন হল এখানে যোগদান করেছি। এরপরও আমি খোজ খবর নিয়ে দেখছি। যদি তেমন প্রমান পাওয়া যায়, তাহলে ভ্রাম্যমান আদালত পরিচালনা করে জরিমানা করার ব্যবস্থা করা হবে।